

১৪,৩২২ কোটি টাকা ঋণ স্বনির্ভর গোষ্ঠীকে চাঙ্গা করতে

জেলাতেও মেলা

স্টাফ রিপোর্টার : রাজ্যে ১০.৭০ লক্ষ স্বনির্ভর গোষ্ঠীকে ১৪৩২২.৪৬ কোটি টাকা ঋণ দেওয়া হয়েছে। যা দেশের মধ্যে সর্বোচ্চ। বাংলার মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা বিভিন্ন হস্তশিল্পের সঙ্গে যুক্ত হয়ে উপার্জন বাড়িয়েছেন। রাজ্য সরকারের পক্ষ থেকে বহুমুখী ভোকেশনাল কোর্স করানো হচ্ছে। যার ফলে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের দক্ষতা বাড়ছে। ঢাকুরিয়ায় গ্রামীণ বাংলার স্থায়ী বিপণন কেন্দ্র তৈরি হয়েছে। জেলাতেও একাধিক সৃষ্টিশীল কেন্দ্র তৈরি হয়েছে। একটি রিপোর্ট অনুযায়ী প্রায় ২০০০ স্বনির্ভর গোষ্ঠীর মহিলা সম্প্রতি হস্তশিল্প মেলায় অংশগ্রহণ করেছে। যা রেকর্ড। শুক্রবার নবান্ন থেকে এমনটাই জানানো হয়েছে। আনন্দধারা প্রতিবছর কলকাতা এবং শিলিগুড়িতে সরস মেলা আয়োজন করে। এ বছর ২১টি ভিন্ন রাজ্য মেলায় অংশ নিচ্ছে। গত বছর ১২ দিনে ১২ কোটি পণ্য বিক্রি হয়েছে মেলায়। আয়োজকদের আশা এবারের ব্যবসা সেই অঙ্ককে ছাড়িয়ে যাবে। ৫ জানুয়ারি শিলিগুড়িতে শুরু হবে সরস মেলা। গ্রামীণ কারিগরদের উৎসাহিত করতে এবং শহুরে গ্রাহকদের কাছে পৌঁছাতে এবছর জানুয়ারিতে দুর্গাপুর, মালদহ এবং পশ্চিম মেদিনীপুরে অতিরিক্ত তিনটি আঞ্চলিক সৃষ্টিশীল মেলার আয়োজন করা হবে।